

বাঙালি রাইটার্স গিল্ড, অস্ট্রেলিয়া সংবাদ বিজ্ঞপ্তি

অস্ট্রেলিয়া প্রবাসী বাঙালি কবি-লেখকদের নিয়ে ‘বাঙালি রাইটার্স গিল্ড, অস্ট্রেলিয়া ইনক’ নামক একটি কবি-লেখক বান্ধব সংগঠন প্রতিষ্ঠা করা হয়েছে।

‘বাঙালি রাইটার্স গিল্ড, অস্ট্রেলিয়া’ মূলত: লেখালেখির প্রসারে পারস্পরিক সহযোগিতার লক্ষ্য এবং উদ্দেশ্যে গঠিত। কলামিস্ট, গল্পকার এবং ঔপন্যাসিক শাখাওয়াৎ নয়ন, কবি শাফিন রাশেদ এবং প্রাবন্ধিক হোসেন মোফাজ্জল উক্ত সংগঠনের প্রতিষ্ঠাতা সদস্য। ইতোমধ্যে মেলবোর্ন প্রবাসী খ্যাতিমান সাংবাদিক, লেখক, কলামিস্ট আবিদ রহমান, কবি ডা: আহমেদ শরীফ শুভ, নিউক্যাসল প্রবাসী কবি, ঔপন্যাসিক ড. আবুল হাসনাৎ মিল্টন, এ্যাডিলেইড প্রবাসী কলামিস্ট মাহবুব মিঠু, ক্যানবেরা প্রবাসী গল্পকার, অনুবাদক ফজল হাসান, সিডনী প্রবাসী কবি আল-নোমান শামীম, কবি মাহমুদা রুণু, কবি, কলামিস্ট রাজন নন্দী, কলামিস্ট শাহরিয়ার পাভেল, লেখক লরেন্স ব্যারেল, লেখক মাহবুবুর রহমান বাবু প্রমুখ সংগঠনটির সদস্য হয়েছেন।

উক্ত সংগঠনের প্রয়োজনীয়তা সম্পর্কে উদ্যোক্তারা মনে করেন, অস্ট্রেলিয়ায় বাঙালিদের বিভিন্ন ধরনের রাজনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক সংগঠন থাকলেও কবি-লেখকদের কোনো সংগঠন নেই। কিন্তু প্রবাস জীবনের শত ব্যস্ততার মধ্যেও অনেকেই শিল্প-সাহিত্য চর্চা করেন। তাদের মধ্যে কারো কারো লেখা বাংলাদেশের জাতীয় পত্র-পত্রিকায় নিয়মিতভাবে প্রকাশিত হয়। কিন্তু অধিকাংশ প্রবাসী লেখকই উপযুক্ত যোগাযোগ এবং সুযোগের অভাবে মূলধারায় তাদের লেখা প্রকাশ করতে পারেন না। আবার কেউ কেউ প্রবাস জীবনে থেকেও নিয়মিতভাবে গল্প, কবিতা, প্রবন্ধ, উপন্যাস এবং সমালোচনামূলক বই লিখছেন। তাদের বই বাংলাদেশে যথেষ্ট সমাদৃত হলেও অস্ট্রেলিয়ার অধিকাংশ বাঙালি পাঠক তাদের সম্পর্কে তেমন কিছুই জানতে পারেন না। তাদের প্রকাশিত বইয়ের উপযুক্ত স্বীকৃতি, মূল্যায়ন কিংবা বিপন্ন কোনো কিছুই ঠিকমত হয় না। আবার অনেক সম্ভাবনাময় প্রবাসী লেখক আছেন যারা ভবিষ্যতে বই প্রকাশের স্বপ্ন দেখেন কিন্তু তারা জানেন না যে, কিভাবে একটি বই প্রকাশ করতে হয়? লেখালেখি বিষয়ক নানাবিধ সমস্যা সমূহের সমাধানে উক্ত সংগঠনটি কার্যকরী সহায়ক ভূমিকা পালন করবে।

সার্বিকভাবে অস্ট্রেলিয়া প্রবাসী বাঙালি কবি-লেখকদের মধ্যে পারস্পরিক যোগাযোগ এবং সহযোগিতা বৃদ্ধি করতে ‘বাঙালি রাইটার্স গিল্ড, অস্ট্রেলিয়া’ একটি সম্পূর্ণ অরাজনৈতিক প্ল্যাটফর্ম গড়ে তুলতে প্রত্যাশী। তারা বাঙালি কমিউনিটির শিল্প-সংস্কৃতি বিষয়ক সৃজনশীল যে কোনো সংগঠনকে সম্ভব সব ধরনের সহযোগিতা করতে আগ্রহী।

সদস্য হতে আগ্রহী কবি-লেখকদেরকে উক্ত সংগঠনের সদস্য সচিব কবি শাফিন রাশেদ এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হয়েছে।